

রেলপথ পরিদর্শন অধিদপ্তর

রেলপথ মন্ত্রণালয়

পুরাতন রেলভবন

ফুলবাড়িয়া, ঢাকা।

স্মারক নং- জিআইআর/নবনিয়োগ/২০১৬(১২০)

তারিখঃ ২৬/০৫/২০১৭ খ্রিঃ।

অফিস আদেশ

রেলপথ পরিদর্শন অধিদপ্তরের সাঁট লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর এর ১(এক)টি শূন্য পদ ও অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এর ১(এক)টি শূন্য পদে নিয়োগের জন্য ২৬/০৫/২০১৭ খ্রিঃ তারিখে শাহুজাহানপুর রেলওয়ে সরকারি উচ্চ বিদ্যালয়ে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। উক্ত লিখিত পরীক্ষায় নিম্নলিখিত রোল নং ধারী প্রার্থী উত্তীর্ণ হয়।

সাঁট লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (মেধার ক্রমানুসারে নয়)ঃ

রোল নং ০৮, ১১, ১৪, ৩৪, ৩৯, ৪৫, ৫৫, ৫৯, ৬৩, ৬৪ = ১০(দশ) জন।

অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (মেধার ক্রমানুসারে নয়)ঃ

রোল নং ১১, ১৩, ২০, ৩১, ৪৩, ৫২, ৬৬, ৮৩, ৮৬, ৯৭, ১০০, ১০৭, ১১০, ১১৬, ১৩৭ = ১৫ (পনের) জন।

উত্তীর্ণ প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর গতি পরীক্ষা ও সাঁট লিপি গতি পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) আগামী ২৭/০৫/২০১৭ খ্রিঃ তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় শাহুজাহানপুর রেলওয়ে সরকারি উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। এক্ষেত্রে আলাদা ভাবে কোন প্রবেশ পত্র ইস্যু করা হবেনা। ইতোপূর্বে লিখিত পরীক্ষার জন্য প্রদত্ত প্রবেশ পত্রটি সঙ্গে আনতে হবে।

উভয় পদের ব্যবহারিক পরীক্ষার ফলাফল ব্যবহারিক পরীক্ষা শেষে জানানো হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ২৭/০৫/২০১৭ খ্রিঃ তারিখে বেলা ২.০০ ঘটিকায় রেলপথ পরিদর্শন অধিদপ্তর, রেলপথ মন্ত্রণালয়, পুরাতন রেলভবন, ফুলবাড়িয়া, ঢাকায় অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লেখিত সকল সনদের মূল কপি এবং ২ সেট ফটোকপি সংগে আনতে হবে। এক্ষেত্রে কোন ভাতা প্রদান করা হবেনা।


(মোঃ আবুল কাসেম)

প্রশাসনিক কর্মকর্তা

ও

সদস্য সচিব

বিভাগীয় নির্বাচন কমিটি।